

Seventh Roundtable Meeting of ASEAN-India Network of Think Tanks

May 13, 2022

আসিয়ান-ভারত নেটওয়ার্কের চিন্তন শিবিরের সপ্তম গোলটেবিল বৈঠক

মে, 13, 2022

12-13ই মে 2022 -এ বিদেশ মন্ত্রক হাইব্রিড মোডে আসিয়ান-ভারত নেটওয়ার্কের চিন্তন শিবিরের বা আসিয়ান-ইন্ডিয়া নেটওয়ার্ক অব থিঙ্ক ট্যাঙ্কস (এআইএনটিটি)-এর সপ্তম গোলটেবিল বৈঠকের আয়োজন করেছে। বৈঠকটি আয়োজনে যৌথভাবে সহযোগিতা করেছে নিউ দিল্লির আরআইসি-তে আসিয়ান-ভারত কেন্দ্র এবং কম্বোডিয়ান ইন্সটিটিউট ফর কোওপারেশন অ্যান্ড পিস (সিআইসিপি) ।

2. ভারত সরকারের পররাষ্ট্র বিষয়ক ও শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ রঞ্জন সিং এবং কম্বোডিয়ান পররাষ্ট্র বিষয়ক ও আন্তর্জাতিক সহযোগিতা প্রতিমন্ত্রীর সচিব ডঃ কুং ফোয়াক যৌথভাবে সপ্তম এআইএনটিটি-র উদ্বোধন করেছেন। আসিয়ান সদস্য দেশগুলির উর্দ্ধতন সরকারি আধিকারিক, নেতৃবৃন্দ/তাদের প্রতিনিধিরাও অধিবেশনে অংশগ্রহণ করেছেন। সচিব ফোয়াক তার ভাষণে স্বাস্থ্য, টিকা, জলবায়ু পরিবর্তন এবং সরবরাহ শৃঙ্খলের স্থিতিস্থাপকতার মত ক্ষেত্রগুলিতে আসিয়ান-ভারত সহযোগিতাকে মজবুত করার প্রয়োজনীয়তার উপরে জোর দিয়েছেন। প্রতিমন্ত্রী তার ভাষণে অতিমারী পরবর্তী আর্থিক পুনরুদ্ধারে আসিয়ান-ভারত সহযোগিতার জন্য গুরুত্বপূর্ণ এজেন্ডা হিসেবে স্বাস্থ্য সুরক্ষা, ডিজিটাল পার্টনারশিপ এবং সবুজ ও টেকসই পুনরুদ্ধারে সহযোগিতার গুরুত্বকে তুলে ধরেন।

3. 'কোভিড-19 পরবর্তী পুনরুদ্ধার: আসিয়ান-ভারত অনশীদারিত্বের জন্য আঞ্চলিক সহযোগিতা এজেন্ডা' থিমে কেন্দ্রীভূত দুই দিন ব্যাপী অনুষ্ঠানে ভারত এবং সকল আসিয়ান সদস্য দেশগুলির বক্তারা নিজেদের মধ্যে মত বিনিময় করেছেন। বক্তারা অন্যান্য বিষয়গুলির মধ্যে টেকসই পুনরুদ্ধার, স্বাস্থ্যক্ষেত্রে সহযোগিতা, এসডিজি, এমএসএমই, যোগাযোগ ও স্থিতিস্থাপক সরবরাহ শৃঙ্খলের উপরে জোর দিয়েছেন। পরিবর্তিত বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপটে, বিদ্বান, শিক্ষাবিদ এবং চিন্তন শিবির ভারত ও আসিয়ানের মধ্যে সংযোগকে জোরদার করতে এবং সহযোগিতামূলক সুযোগগুলিকে চিহ্নিত করতে নতুন ধারণা দিয়েছেন।

4. চিন্তন শিবির, নীতি নির্ধারকগণ, শিক্ষাবিদ, সংবাদ মাধ্যম এবং ব্যবসায়ী প্রতিনিধি বৃন্দ নিয়ে গঠিত আসিয়ান-ভারত গোলটেবিল 2009 সালে থাইল্যান্ডে সপ্তম আসিয়ান-ভারত শীর্ষ সম্মেলনে স্থাপিত হয়েছিল সরকারকে সহযোগিতার ভবিষ্যত দিকনির্দেশনার নীতি প্রদান করার জন্য। ফোরামটি একটি উচ্চমানের গবেষণা মঞ্চ হিসেবে কাজ করে এবং আসিয়ান-ভারত কৌশলগত অনশীদারিত্বকে আরও শক্তিশালী করার জন্য দীর্ঘমেয়াদী দৃষ্টিভঙ্গি প্রদান করে। এআইএনটিটি-র গত ছয়টি গোলটেবিল অনুষ্ঠিত হয়েছিল যথাক্রমে 2012 -তে নিউ দিল্লিতে, 2013 তে ভিয়েতনামে, 2014-তে হ্যানয়ে, 2015-তে কুয়ালা লামপুরে, 2018-তে জাকার্তায় এবং 2020-তে ব্যাঙ্ককে।

নিউ দিল্লি

মে 13, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

